

স্মারকনং-১২.১৮.৮৪৭৮.০৩৯.২৫.০০৮.২৩-৩৪৫

তারিখ- ১৯/০৭/২০২৩খ্রি.

"নিয়োগ বিজ্ঞপ্তি"

রাঙ্গামাটি পার্বত্য জেলার রাজহুলী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা হচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুলো)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ জন	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদীস পাস। কোন প্রতিষ্ঠানে স্ক্রিপ্ত, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অধিকার পাবেন। (গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাপত্র প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১ জন	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অধিকার দেওয়া হবে।
০৩	খাদিম	০২ জন	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।

শর্তাবলী

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ০২। স্থায়ী জনকাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত পরিচালনা কমিটি কর্তৃক সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেওয়া হবে।
- ০৩। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, আবেদনকৃত পদের নাম এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, রাজহুলী ও আহবায়ক, রাজহুলী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র অস্থায়ী নিয়োগ কমিটি বরাবরে আবেদন করতে হবে।
- ০৪। প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ২৭/০৭/২০২৩খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজহুলী অথবা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তার কার্যালয়, রাজহুলীতে সরাসরি অথবা ডাকযোগে জমা করতে হবে।
- ০৫। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- ০৬। পেশ ইমামকে জুমআর খুতবা এবং ওয়াজিয়া নামাজের ইমামতি করতে হবে।
- ০৭। উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ০৯/০৮/২০২৩খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে এবং লিখিত পরীক্ষা শেষে একই দিনে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি সাথে নিয়ে আসতে হবে।
- ০৮। আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, (গ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রসিদ ছবি জমা দিতে হবে।
- ০৯। আবেদনপত্রের সাথে উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, রাজহুলী ও আহবায়ক, রাজহুলী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নিয়োগ কমিটির অনুকূলে সোনালী ব্যাংক লি: যে কোন শাখা হতে পেশ ইমাম ও মুয়াজ্জিন এর ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা এবং খাদিম পদবীর ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা অফেরত যোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ১০। কোনপ্রার্থী একাদিক পদে আবেদন করলে এবং আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল বলে গণ্য হবে।
- ১১। কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে।
- ১৩। কোন কারণ দর্শানো ব্যক্তিরকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৫। প্রার্থীকে আবেদনপত্রের সাথে ১০/- (দশ) টাকা মূল্যের ডাকটিকেট সহ ৪.৫×৯.৫ ইঞ্চি সাইজের পত্র যোগাযোগের ঠিকানা সন্নিবেশিত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।



(মো: আবুল খায়ের)
উপজেলা কৃষি অফিসার(ভা.প্রাঃ)

ও
আহবায়ক

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র অস্থায়ী নিয়োগ কমিটি
রাজহুলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা